

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ আগস্ট ২০২২ খ্রি.

আমরা চট্টগ্রাম আয়োজিত শোক দিবসের আলোচনা সভায় মেয়র
ঘাতকচক্র সেদিন বঙ্গবন্ধুকেই নয় তাঁর সঙ্গে বাঙ্গালীর হাজার বছরের প্রত্যাশার অর্জন
স্বাধীনতার আর্দশগুলোকেও হত্যা করতে চেয়েছিল

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, ১৫ আগস্ট বাংলার মানুষের জীবনে সর্বাপেক্ষা বিষাদ ও বিপর্যয়ের দিন। জনগনের প্রতি প্রচণ্ড ভালবাসা, আস্থা ও বিশ্বাস ছিল বঙ্গবন্ধুর রাজনীতি মূলভিত্তি। বিশ্ব মানব সভ্যতার ইতিহাসে ঘৃণ্য ও নৃশংসতম হত্যাকাণ্ডের মাধ্যমে ঘাতকচক্র সেদিন তারা কেবল বঙ্গবন্ধুকেই নয় তাঁর সঙ্গে বাঙ্গালীর হাজার বছরের প্রত্যাশার অর্জন স্বাধীনতার আর্দশগুলোকেও হত্যা করতে চেয়েছিল। ঘাতকদের উদ্দেশ্য ছিল অসাম্প্রদায়িক গণতান্ত্রিক বাংলাদেশের রাষ্ট্রকাঠামোকে ভেঙ্গে আমাদের কষ্টার্জিত স্বাধীনকে ভুলুষ্ঠিত করা। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতিকো শুধু রাজনৈতিক মুক্তি ও স্বাধিকার দেননি। তিনি বাঙ্গালি জাতিকো অর্থনৈতিক মুক্তির স্বপ্ন দেখিয়ে ছিলেন। তিনি শুধু স্বপ্ন দেখিয়ে ক্ষান্ত হয়নি, দেশ পুনর্গঠনের একেবারে শুরুতেই সেই স্বপ্ন বাস্তবায়নে পথ নকসা অঙ্কন করেছিলেন এবং তা বাস্তবায়নে কাজ শুরু করেছিলেন। তখনই স্বাধীনতা বিরোধী-যুদ্ধাপরাধী ঘাতকচক্র জাতির পিতাকে হত্যা করে। আজ মঙ্গলবার বিকেলে থিয়োটার ইনষ্টিটিউটে আমার চট্টগ্রামের উদ্যোগে আয়োজিত জাতীয় শোক দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

আলহাজ্ব সাদেক হোসেন চৌধুরী পাঞ্জুর সভাপতিত্বে জসিম উদ্দীনের পরিচালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন-মহানগর আওয়ামী লীগের সহসভাপতি এডভোকেট ইব্রাহিম হোসেন চৌধুরী বাবুল, সাংবাদিক দেবদুলাল ভৌমিক, সংগঠনের উপদেষ্টা কে বি এম শাহজাহান, দেলোয়ার হোসেন ফরহাদ, মনোয়ার হোসেন, সুমন বড়ুয়া, পংকজ রায় প্রমুখ। মেয়র আরো বলেন, এই মুহুর্তে আমাদের উচিত ১৫ আগস্ট হত্যাকাণ্ড সম্পর্কে আগামী প্রজন্মকে জানানো, পলাশীর খলনায়কদের নাম যেমন মানুষের মুখে মুখে ফিরে তেমনি খন্দকার মুশতাক, জিয়া থেকে শুরু করে অন্ধকারের সকল খলনায়কদের নাম প্রকাশ করতে হবে। এসব কাপুরুষদের কৃতকার্যের সঠিক ইতিহাস যদি আমরা তরুণ প্রজন্মের কাছে তুলে ধরতে পারি তবেই হবে বাঙ্গালির জাতির কলঙ্ক মোচন।

জনতা ব্যাংক সিবিএ আয়োজিত জাতীয় শোক দিবসের আলোচনা সভায় মেয়র

জাতির পিতা বঙ্গবন্ধু আজীবন সংগ্রাম করেছেন শ্রমজীবী মেহনুতি মানুষের জন্য

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বাঙ্গালির রাখাল রাজা ইতিহাসের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার মধ্য দিয়ে খুনি খন্দকার মুসতাক, জিয়াউর রহমান, মুক্তিযুদ্ধের আদর্শকে হত্যা করেছিল। যাতে বাংলাদেশ পিছিয়ে পড়ে কিন্তু বঙ্গবন্ধুর কন্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেঁচে আছেন বলেই ৭৫'র খুনিদের আশা পূরণ হয়নি। জাতির পিতা বঙ্গবন্ধু আজীবন সংগ্রাম করেছেন শ্রমজীবী মেহনুতি মানুষের জন্য' শ্রমিক শ্রেণী জন্য' বঙ্গবন্ধুর মতো বিশাল হৃদয়ের অধিকারী এমন দরদী মানুষ ও নেতা বিশ্বে বিরল। আজ মঙ্গলবার বিকেলে জনতা ব্যাংক লালদিঘী কর্পোরেট শাখা মিলনায়নের জনতা ব্যাংক সিবিএ'র উদ্যোগে জাতীয় শোক দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য তিনি একথা বলেন।

জনতা ব্যাংক সিবিএ সভাপতি আবু তাহের জেহাদী'র সভাপতিত্বে সাধারণ সম্পাদক নুরুল আবছারের পরিচালনায় এতে আরো বক্তব্য রাখেন-বখতেয়ার উদ্দীন খান, এড. মাহাফুজুর রহমান খান, আকতার উদ্দীন, সাইফুল ইসলাম চৌধুরী, বাপ্পী দেবনাথ, কানিজ ফাতেমা প্রমুখ।

মেয়র আরো বলেন, বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল এই দেশের গরিব অসহায় মানুষের মুখের হাসি ফুটানো জাতির পিতার সেই স্বপ্ন বাস্তবায়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সামাজিক নিরাপত্তা বলয়, গৃহহীনদের গৃহ নির্মাণ প্রকল্পসহ সারাদেশে বিভিন্ন মেগা প্রকল্প গ্রহন করেছেন। দেশের মানুষ এই প্রকল্পগুলোর সুফল ইতিমধ্যে পেতে শুরু করেছেন। তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০৪১ সালের আগেই আমরা উন্নত-সমৃদ্ধ দেশ গড়ার অঙ্গিকার ব্যক্ত করছি। এই জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে আরো শক্তিশালী করতে হবে।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত
আমান বাজার, ঠাণ্ডাছড়ি সড়ক ও নন্দীরহাটে উচ্ছেদ অভিযানে
২ ব্যক্তিকে ৫৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে দক্ষিণ পাহাড়তলী ওয়ার্ডেস্থ আমান বাজার এলাকায় সিটি কর্পোরেশনের নালা অবৈধভাবে দখল করে আই এস কনভেনশন সেন্টার পাকা স্ল্যাব নির্মাণ করে দীর্ঘদিন পার্কিং হিসাবে ব্যবহার করে অবৈধভাবে। অভিযানে উক্ত স্ল্যাব উচ্ছেদ করা হয় এবং অনুমতি ব্যতীত স্ল্যাব স্থাপন করায় প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। একই সাথে আমান বাজার ও ঠাণ্ডাছড়ি সড়কের অনুমতি বিহীন স্ল্যাব স্থাপন করায় আরো ২৫টি অবৈধ স্ল্যাব অপসারণ করা হয় এবং ১ ব্যক্তিকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। এই অভিযানে নন্দীরহাট এলাকায় অবৈধভাবে খালের জায়গা দখল করে নির্মিত ১০টি দোকান উচ্ছেদ করে খালের জায়গা দখলমুক্ত করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও চসিকের ভারপ্রাপ্ত প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম জেলা পুলিশ ও ৩১ আনসার ব্যাটালিয়ন সদস্যরা ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮-২৪-৪৭৭৬৯৩